



সোনালী ব্যাংক লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।

মার্কেটিং এন্ড ডেভেলপমেন্ট ডিভিশন
(মার্কেটিং ডিপার্টমেন্ট)
Email- dgm mdd@sonali bank.com.bd

প্রধান কার্যালয় পরিপত্র নং-৭৬৩
প্রকা/এমডিডি/ডিপোজিট স্কিম/পরিপত্র নং- ২২৭
তারিখঃ ১৫ মে, ২০১৬

জেনারেল ম্যানেজার/ডেপুটি জেনারেল ম্যানেজার/
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার/ম্যানেজার
সকল জিএম অফিস/লোকাল অফিস/
বঙ্গবন্ধু এভিনিউ কর্পোরেট শাখা/রমনা কর্পোরেট শাখা/
প্রধান কার্যালয়ের সকল বিভাগ/স্টাফ কলেজ/
সোনালী ইনভেস্টমেন্ট লিঃ/সকল প্রিন্সিপাল অফিস/
সকল কর্পোরেট শাখা/ সকল আঞ্চলিক কার্যালয়/
পরিদর্শন ও নিরীক্ষা দল/ট্রেনিং ইনস্টিটিউট/
সকল শাখা
সোনালী ব্যাংক লিমিটেড
বাংলাদেশ।

বিষয় : প্রধান কার্যালয়ের ইস্তেহার নং ১৬৩৬ তারিখ ১২ জুন, ২০০৬ এর মাধ্যমে প্রবর্তিত “সোনালী সঞ্চয় স্কিম (এসডিএস)” এর মুনাফার হার পুনঃ নির্ধারণ প্রসঙ্গে।

মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ০৪ মে, ২০১৬ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৪৬৩ তম সভার অনুমোদনক্রমে (যা পরিচালনা পর্ষদের ০৯ মে, ২০১৬ তারিখের ৪৬৪ তম সভায় নিশ্চিত করা হয়) প্রধান কার্যালয়ের ইস্তেহার নং ১৬৩৬ তারিখ ১২ জুন, ২০০৬ এর মাধ্যমে প্রবর্তিত ০৫(পাঁচ) বছর মেয়াদী “সোনালী সঞ্চয় স্কিম (এসডিএস)” এর মুনাফার হার নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হলো, যা আগামী ১৮ মে, ২০১৬ তারিখ থেকে কার্যকর হবে :

পুনঃনির্ধারিত মুনাফার হার : ৭.০০ শতাংশ (চক্রবৃদ্ধি)।

পুনঃনির্ধারিত ৭% সুদ হারে ৫ বছর মেয়াদ পূর্তিতে হিসাবধারী সুদ-আসল এবং বোনাসসহ নিম্নে বর্ণিত ছকের ৭ নং কলামে উল্লিখিত পরিমাণ অর্থ এককালীন প্রাপ্য হবেন :

১	২	৩	৪	৫	৬	৭
ক্রম নং	মেয়াদ	বিক্রির পরিমাণ	৫ বছর প্রদত্ত বিক্রির টাকার পরিমাণ	প্রদেয় সুদের পরিমাণ	প্রদেয় বোনাসের পরিমাণ	মেয়াদান্তে এককালীন সুদ-আসল ও বোনাসসহ প্রদেয় টাকার পরিমাণ
১।	৫ বছর	৫০০.০০	৩০,০০০.০০	৫,৮১৩.০০	১,৫০০.০০	৩৭,৩১৩.০০
২।	৫	১,০০০.০০	৬০,০০০.০০	১১,৬২৬.০০	২,০০০.০০	৭৩,৬২৬.০০

এই স্কিমের আওতার উল্লিখিত মূল্যমান অনুযায়ী অর্থাৎ ৫০০, ১০০০, ২০০০, ৩০০০, ৪০০০, ৫০০০, ৬০০০, ৭,০০০, ৮০০০, ৯০০০ ও ১০০০০ টাকা মাসিক কিস্তি হিসেবে জমা করা যাবে এবং উপরোক্ত ‘ছক’ মোতাবেক আনুপাতিক হারে হিসাবধারী মেয়াদান্তে সুদ-আসল ও বোনাসসহ এককালীন প্রাপ্য হবেন।

তবে শর্ত থাকবে যে,

- ১। ১৮ মে, ২০১৬ তারিখের পূর্বে খোলা হিসাবসমূহের ক্ষেত্রে এ হার প্রযোজ্য হবে না।
- ২। প্রধান কার্যালয়ের মূল ইস্তেহার নং ১৬৩৬, তারিখ-১২-০৬-২০০৬ -এর অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।
- ৩। প্রধান কার্যালয়ের মূল ইস্তেহার নং ১৬৩৬, তারিখ-১২-০৬-২০০৬ -এ উল্লিখিত বোনাসের পরিমাণ অপরিবর্তিত থাকবে।
- ৪। মেয়াদ পূর্তিতে মুনাফার পরিমাণ হ্রাস/বৃদ্ধি পেলে সুদ হিসাব সমন্বয়ের মাধ্যমে আমানতকারীকে বিধি মোতাবেক প্রাপ্য অর্থ পরিশোধ করতে হবে।

আপনাদের বিশ্বস্ত,

(জাহান আরা মনজু)
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

(শ্যামল কান্তি নাথ)
ডেপুটি জেনারেল ম্যানেজার